

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-২৩৪

তারিখঃ ২১ ফেব্রুয়ারি, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি:

আজ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে মহান ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে জাতীয় মানবাধিকার কমিশনের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ। এ সময় উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ, মাননীয় সার্বক্ষণিক সদস্য জনাব মো: সেলিম রেজা, সচিব জনাব সেবাষ্টিন রেমা, পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব কাজী আরফান আশিক এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ। গণমাধ্যমকে সাক্ষাৎকার প্রদানকালে ১৯৫২ সালের ভাষাশহীদদের আত্মত্যাগকে গভীর শ্রদ্ধায় স্মরণ করেন কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ। তিনি বলেন 'ইতিহাসের মাইলফলক ভাষা আন্দোলনের ভেতর দিয়ে আমাদের আত্মচেতনা ও জাতীয়তাবোধের উন্মেষ ও বিকাশ ঘটেছিল। সর্বস্তরে মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষার জন্য আমাদের সচেতন থাকতে হবে।

স্বাক্ষরিত/-

ইউশা রহমান

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন